**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 14-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ত্রিপুরা সহ ষোলোটি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের নির্ঘন্ট ঘোষণা করল নির্বাচন কমিশন।**

**(২) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, সরকার ২০১৮-১৯ অর্থবছর থেকে এখন পর্যন্ত রাজ্যে মোট ২০ হাজার ৯৬০ জনকে চাকুরী প্রদান করেছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৬ দিনের বিদেশ সফরের উদ্দেশ্যে আগামীকাল আবুধাবি যাচ্ছেন।**

**(৪) খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যের পেট্রোপণ্য ও খাদ্য সামগ্রীর পর্যাপ্ত মজুত রয়েছে।**

**(৫) ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ স্মৃতি অনূর্ধ্ব ২০ বছরের ফুটবলের জাতীয় প্রতিযোগিতায় ত্রিপুরা গ্রুপের দ্বিতীয় খেলায়ও জয়লাভ করেছে।**

********************************************

**SIR-Phase III :**

ভারতের নির্বাচন কমিশন আজ ত্রিপুরা সহ ষোলোটি রাজ্য এবং তিনটি কেন্দ্রশাসিত অঞ্চলে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন বা এস.আই.আরের নির্ঘন্ট ঘোষণা করেছে। এটি হল এস.আই.আরের তৃতীয় পর্যায়। এই পর্যায়ে অন্তর্ভুক্ত রাজ্যগুলি হল ত্রিপুরা, অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, হরিয়ানা, ঝাড়খন্ড, কর্ণাটক, মহারাষ্ট্র, মণিপুর, মেঘালয়, মিজোরাম, নাগাল্যান্ড, ওড়িশা, পাঞ্জাব, সিকিম, তেলেঙ্গানা এবং উত্তরাখণ্ড।

তাছাড়া দিল্লি, চন্ডিগড় এবং দাদরা ও নগর হাভেলি এবং দমন ও দিউ কেন্দ্রশাসিত অঞ্চলগুলিকেও এই পর্যায়ের আওতায় আনা হয়েছে।

নির্বাচন কমিশন জানিয়েছে, ভোটার তালিকা সংশোধন, নবীকরণ ও নির্ভুল করতে এই বিশেষ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর মাধ্যমে ভোটার তালিকায় নতুন ভোটারদের অন্তর্ভুক্তি, মৃত ও স্থানান্তরিত ভোটারদের নাম অপসারণসহ বিভিন্ন সংশোধনী কাজ সম্পন্ন করা হবে।

নির্বাচন কমিশনের বিজ্ঞপ্তি অনুযায়ী ত্রিপুরার ২৮ লক্ষ ৯৭ হাজার ৬৭৪ জন ভোটারের জন্য বিশেষ নিবিড় সংশোধনী বা এস.আই.আর প্রক্রিয়া শুরু হতে চলেছে। এই কর্মসূচির অধীনে আগামী ৫ই সেপ্টেম্বর থেকে ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত প্রস্তুতিমূলক কাজ চলবে এবং ১৫ সেপ্টেম্বর থেকে ১৪ অক্টোবর পর্যন্ত ৩ হাজার ৩৫৬ জন বুথ লেভেল অফিসার বা বি.এল.ও বাড়ি বাড়ি গিয়ে তথ্য যাচাই করবেন। সঙ্গে থাকবে ৬ হাজার ৭৫৭ জন স্বীকৃত রাজনৈতিক দলের এজেন্ট বা বি.এল.এ। বিশেষ নিবিড় সংশোধন বা এস.আই.আরের এই প্রক্রিয়ায় নির্বাচন কমিশন নির্ঘন্ট অনুযায়ী আগামী ২১শে অক্টোবর ভোটার তালিকার খসড়া প্রকাশ করা হবে। ঐদিন থেকেই দাবি ও আপত্তি গ্রহনের কাজ শুরু হবে। তা চলবে আগামী ২০শে নভেম্বর পর্যন্ত। দাবি ও আপত্তি নিষ্পত্তির কাজ শেষ হবে ১৯শে ডিসেম্বর। চূড়ান্ত সচিত্র ভোটার তালিকা প্রকাশ করা হবে আগামী ২৩শে ডিসেম্বর।

**********************************

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু বলেছেন, অপারেশন সিন্দুর সামরিক ক্ষেত্রে ভারতের সক্ষমতা প্রমাণ করেছে। আসাম রাইফেলসের একুশ সেক্টরের উদ্যোগে আজ আগরতলায় আলফা অডিটোরিয়ামে নাগরিক সমাজ ও সামরিক বাহিনীর মধ্যে সমন্বয় সংক্রান্ত সেমিনারে তিনি একথা বলেন। তিনি বলেন, সামরিক বাহিনী ও সাধারণ প্রশাসন বর্তমান সময়ে দেশ ও সাধারণ নাগরিকদের বিভিন্ন উদ্ভূত সমস্যা মোকাবিলায় ইতিবাচক ভূমিকা পালন করছে। সেমিনারে স্বরাষ্ট্র সচিব অভিষেক সিং, পুলিশের মহা নির্দেশক অনুরাগ, পদস্থ সেনা আধিকারিক ব্রিগেডিয়ার ধীরাজকুমার সিং,

আসাম রাইফেলসের কমান্ডার ব্রিগেডিয়ার নিশান্ত চান্দেল, বি.এস.এফের আই.জি অলক কুমার চক্রবর্তী জাতীয় নিরাপত্তা, নাগরিক সমাজ, সামরিক, আধা সামরিক বাহিনীর সমন্বয় নিয়ে বক্তব্য তুলে ধরেন।

*****************************

**CM–Offer Distribution :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার ২০১৮–১৯ অর্থবছর থেকে এখন পর্যন্ত রাজ্যে ডাই ইন হারনেস সহ মোট ২০ হাজার ৯৬০ জনকে চাকুরী প্রদান করেছে। তাছাড়া কন্ট্রাকচুয়াল ও আউটসোর্সিং–এর মাধ্যমে ২৪ হাজার ৭৮ জনের কর্মসংস্থান করা হয়েছে। আজ আগরতলায় বিদ্যালয় শিক্ষাদপ্তর আয়োজিত স্নাতকোত্তর শিক্ষকদের চাকুরীর অফার বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, ২০১৮ সাল থেকে বর্তমান সময় পর্যন্ত মাধ্যমিক শিক্ষা দপ্তরের অধীনে ১হাজার ৪৭১ জন স্নাতকোত্তর শিক্ষক, ৪৪৪ জন স্নাতক শিক্ষক, ৮৮ জন স্পেশাল এডুকেটর, ১১৫ জন স্কুল লাইব্রেরিয়ান ও ১০৬ জন শারীরিক শিক্ষক নিয়োগ করা হয়েছে। তাছাড়া বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধীনে ৩ হাজার ৭৭৬ জন স্নাতক শিক্ষক ১ হাজার ১০৪ জন অস্নাতক শিক্ষক নিয়োগ করা হয়েছে। অনুষ্ঠানে বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব ডঃ মিলিন্দ রামটেকে, বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা রাজীব দত্ত বক্তব্য রাখেন। প্রসঙ্গত উল্লেখ্য, আজ স্নাতকোত্তর শিক্ষক পদে ৮৬৫ জনকে অফার প্রদান করা হয়।

*************************

**CM :**

পণ্ডিত দীনদয়াল উপাধ্যায় প্রশিক্ষণ মহা অভিযানের অঙ্গ হিসাবে আজ থেকে রাজ্যে শুরু হয়েছে বিজেপি’র মন্ডল স্তরে প্রশিক্ষণ শিবির। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আগরতলার নাগেরজলায় টাউন বড়দোয়ালী

মন্ডলের উদ্যোগে আয়োজিত এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি সাংসদ রাজীব ভট্টাচার্য।

**************************

**Power Minister :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ মোহনপুর বিধানসভা কেন্দ্রের গামছাকোবরা, লেফুঙ্গা ও বীরমোহন বাড়ি এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কাজ সরেজমিনে পরিদর্শন করেন। সঙ্গে ছিলেন এডিসির মুখ্য নির্বাহী সদস্য রুনেইল দেববর্মা। এদিকে, জ্বালানি সাশ্রয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে সাড়া দিয়ে বিদ্যুৎ মন্ত্রী শ্রী নাথ ই-রিক্সা চড়ে সচিবালয়ে আসা যাওয়া করেন।

**************************

**Industry Reforms :**

ব্যবসায়ীক সংস্কার বা বিজনেস রিফর্মসে সারা দেশের মধ্যে প্রথম স্থান অর্জন করেছে ত্রিপুরা। আজ সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন শিল্প বানিজ্য সচিব কিরণ গিত্যে। তিনি জানান, রাজ্য সরকার রাজ্যে শিল্প বানিজ্য ও বিভিন্ন ব্যবসা সহজ সরল করা এবং বিনিয়োগ আকৃষ্ট করার লক্ষ্যে শিল্প বানিজ্য দপ্তরের সিঙ্গেল উইন্ডো সিস্টেম "স্বাগত" (SWAAGAT) পোর্টালে প্রক্রিয়া সহজ ও সরলীকরনে বিভিন্ন দপ্তরে সংস্কার সাধন করেছে। এই সংস্কারের ফলে রাজ্যে শিল্প ও ব্যবসা বানিজ্যে লগ্নী আকর্ষণ সহজ হবে। তিনি বলেন, সংস্কারের ফলে ২০২২ সাল থেকে গত ৪ বছরে ত্রিপুরায় ৩৫ হাজার ১৪০ কোটি টাকার ৩৯৪টি মৌ বা চুক্তি স্বাক্ষর করা হয়েছে। যার মধ্যে এখন পর্যন্ত ৯৪ কোটি টাকার সরাসরি লগ্নী হয়েছে। আগামী দিনগুলোতে পর্যটন, মেডিকেল শিক্ষা, শিল্পসহ বিভিন্ন ক্ষেত্রে ৪০০০ কোটি টাকার লগ্নী আসবে বলে শ্রী গিত্যে উল্লেখ করেন।

************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ৬ দিনের বিদেশ সফরের উদ্দেশ্যে আগামীকাল আবুধাবি যাচ্ছেন। এই সফরে তিনি সংযুক্ত আরব আমিরশাহী-সহ নেদারল্যান্ড, সুইডেন, নরওয়ে এবং ইতালি সফর করবেন। সফরকালে তিনি ওই দেশগুলির রাষ্ট্রপ্রধানদের সঙ্গে জ্বালানি নিরাপত্তা নিয়ে আলোচনা করবেন বলে কথা রয়েছে।

****************************

**Police Recruitment :**

রাজ্য পুলিশে আরও ৯১৬ জন কনস্টেবল নিয়োগ করা হবে। এই নিয়োগ প্রক্রিয়ার জন্য ছয় সদস্যের সিলেকশন কমিটি পুনর্গঠন করা হয়েছে। কমিটির চেয়ারম্যান নিযুক্ত হয়েছেন টি.এস.আর প্রথম ব্যাটেলিয়ানের কমান্ডেন্ট মিহির লাল দাস। পুলিশ সদর দপ্তর সুত্রে আজ এখবর জানানো হয়েছে।

*************************

**Press Meet-Food Minister :**

খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্যে পেট্রোল, ডিজেল ও খাদ্য সামগ্রী পর্যাপ্ত পরিমানে মজুত রয়েছে। আজ সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। তিনি জানান, রাজ্যে পেট্রোল ও ডিজেলের ১৫ দিনের মজুত রয়েছে। গনবন্টন ও খোলা বাজার মিলিয়ে ১৬৮ দিনের চাল মজুত রয়েছে। তাছাড়া চিনি, গম, মুসুর ডাল, পেঁয়াজ, আলু, লবণেরও পর্যাপ্ত মজুত রয়েছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মিতব্যয়ী হতে বলেছেন। তার সঙ্গে সংকটের কোনো যোগসূত্র নেই।

****************************

**Package Story-Nikshoy Aarogya :**

যক্ষ্মা বা টিবি একসময় ছিলো আতঙ্কের নাম। তবে এখন সচেতনতা, দ্রুত শনাক্তকরণ আর নিয়মিত চিকিৎসার মাধ্যমে এই রোগ নির্মূলের লক্ষ্যে এগোচ্ছে দেশ। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির “যক্ষ্মা রোগ মুক্ত ভারত” গঠনের সংকল্পকে সামনে রেখে ঊনকোটি জেলাতেও চলছে জোরদার কর্মসূচি। বর্তমানে চলছে ১০০ দিনের বিশেষ অভিযানের দ্বিতীয় পর্যায়। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC######

*************************

**Keralam-CM :**

কেরলমের নতুন মুখ্যমন্ত্রী হতে চলেছেন ভি ডি সতীশন। সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচনের ফলাফল ঘোষণার ১০ দিন পর আজ নয়া দিল্লিতে এক সাংবাদিক সম্মেলনে কংগ্রেসের পক্ষ থেকে মুখ্যমন্ত্রী পদে শ্রী সতীশনের নাম ঘোষণা করা হয়। উল্লেখ্য, কংগ্রেস পরিচালিত ইউ ডি এফ জোট কেরলম বিধানসভা নির্বাচনে দুই তৃতীয়াংশ আসনে জয়লাভ করে।

****************************

**Football :**

ছত্তিশগড়ে স্বামী বিবেকানন্দ স্মৃতি অনূর্ধ্ব ২০ বছরের ফুটবলের জাতীয় প্রতিযোগিতায় ত্রিপুরা গ্রুপের দ্বিতীয় খেলায়ও জয়লাভ করেছে। আজ রাজ্যদল ২-১ গোলে দিল্লিকে হারিয়ে দেয়। ফলে টানা দুই ম্যাচে রাজ্যদল জয় পেলো। শেষ ম্যাচটি খেলবে সিকিমের বিরুদ্ধে।

***************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, ঊনকোটি, ধলাই ও খোয়াই জেলায় বজ্রবিদ্যুৎ এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৫ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টিপাতের পরিমান ১৫.৪ মিলিমিটার।

***************************